

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২ ৪৩৮
আগরতলা, ১০ জানুয়ারি, ২০২৫

৪৩তম আগরতলা বইমেলায় তেলেঙ্গানা রাজ্যের রাজ্যপাল

তেলেঙ্গানা রাজ্যের রাজ্যপাল তথা রাজ্যের প্রাক্তন উপমুখ্যমন্ত্রী যীষ্ণু দেববর্মা আজ
৪৩তম আগরতলা বইমেলা পরিদর্শন করেন। বইমেলায় যীষ্ণু দেববর্মা তাঁর লেখা ‘মাস্টারস
অব টাইম জার্নি থ্রো এন এনসিয়েন্ট কিংডম’ বইটি যারা ক্রয় করেছেন তাদের বইয়ে অটোগ্রাফ
দেন। বইমেলা পরিদর্শনকালে রাজ্যপাল যীষ্ণু দেববর্মার সাথে ছিলেন বিধায়ক প্রমোদ রিয়াৎ।
